

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

নং-০৩.০৯.০০০০.৬৫৩.৬৩.০১২.১৭-১৬৮

তারিখ : ২০-০৮-২০১৭ খ্রিঃ

প্রেরক : মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।

প্রাপক : নির্বাহী প্রধান

.....
.....
.....

বিষয় : বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ কর্তৃক বন্যা দূর্গত এলাকায় জরুরী ত্রাণসামগ্রী সরবরাহ এবং পুনর্বাসন।


মহোদয়,

আপনি অবহিত রয়েছেন যে, দেশের বিভিন্ন জেলায় বন্যা পরিস্থিতি প্রকট আকার ধারণ করায় এ পর্যন্ত প্রায় ২৭টি জেলার আনুমানিক ৪৯ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে জানা যায়। উক্ত বন্যা কবলিত এলাকার মানুষদের প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী প্রদান ও পুনর্বাসনে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ নিয়োজিত রয়েছেন।

বন্যা মোকাবেলায় সরকারের পাশাপাশি বেসরকারী উন্নয়ন সংস্থাসমূহ বন্যার্ত মানুষের সাহায্যার্থে খাবার ও বিশুদ্ধ পানি সরবরাহ, চিকিৎসা সেবা, পয়গনিষ্কাশন, গবাদি পশুর খাবার এবং বন্যা পরবর্তী সার্বিক পুনর্বাসন কল্পে জরুরী ভিত্তিতে প্রকল্প গ্রহণ করবে এটি ব্যুরোর প্রত্যাশা।

এমতাবস্থায়, বন্যার্ত মানুষের দুর্দশা লাঘব করার উদ্দেশ্যে আপনার সংস্থা কর্তৃক সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,


- ২০/৮/২০১৭
(খন্দকার রাকিবুর রহমান)
মহাপরিচালক